

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা



স্মারক নং-৩৪.০৪.০২০০.০০১.০০.৭৬১.১৯-১০৬

তারিখ: ১০ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
২৩ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুরের জন্য রাজস্ব বাজেটভুক্ত নিম্নে বর্ণিত শূন্য পদসমূহে লোক নিয়োগের নিমিত্তে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বয়স	পদের সংখ্যা	বেতন স্কেল	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা
১	উপ-পরিচালক (ক্রীড়া বিজ্ঞান) ঢাকা বিকেএসপি।	অনূর্ধ্ব-৫০ বছর	০১ (এক) টি	৪৩০০০-৬৯৮৫০/- (৫ম গ্রেড)	(১) ক্রীড়া বিজ্ঞান (এমবিবিএস/এমপিএড/সাইকোলজী, পদার্থ/ফলিত পদার্থ বিজ্ঞান / বায়োমেকানিক্স/ স্পোর্টসমেডিসিন) বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীসহ সংশ্লিষ্ট ক্রীড়া বিজ্ঞান বিষয়ে ২য় শ্রেণির ডিপ্লোমা; অথবা (২) ক্রীড়া বিজ্ঞান (এমবিবিএস / এমপিএড/ সাইকোলজী, পদার্থ/ফলিত পদার্থ বিজ্ঞান/ বায়োমেকানিক্স/ স্পোর্টসমেডিসিন) বিষয়ে ১ম শ্রেণীর মাস্টার্স/২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর মাস্টার্স তৎসহ ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা।
২	সহকারী প্রোগ্রামার ঢাকা বিকেএসপি।	অনূর্ধ্ব- ৩০ বছর	০১ (এক) টি	২২০০০- ৫৩০৬০/- (৯ম গ্রেড)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
৩	লাইব্রেরী সহকারী ঢাকা বিকেএসপি।	অনূর্ধ্ব-৩০ বছর	১ (এক) টি	৯৩০০- ২২৪৯০/- (১৬তম গ্রেড)	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা। (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞ প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হইবে।
৪	অফিস সহায়ক আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর (রাজস্ব, স্থায়ী)	অনূর্ধ্ব-৩০ বছর	১ (এক) টি	৮২৫০- ২০০১০/- (২০তম গ্রেড)	কোন স্বীকৃত বোর্ড হইতে অনূন্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

- স্ব-হস্তে লিখিত নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ের ৩ (তিন) কপি (৫×৫ সে.মি) সাইজের সত্যায়িত ছবিসহ মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা-এর বরাবরে আগামী ২৩/০৫/২০২৪ তারিখের মধ্যে ডাকযোগে অথবা অফিসে রক্ষিত ব্যাল্ডে (অফিস চলাকালীন সময়ে) পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত রয়েছেন এরূপ বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ২৩/০৫/২০২৪ তারিখে প্রার্থীর বয়স আবেদনে উল্লেখ করতে হবে।
- খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- ক্রমিক নং ১-২ পর্যন্ত বর্ণিত পদের অনুকূলে আবেদনকারীকে ৬০০/- (ছয়শত) টাকার ও ক্রমিক নং ৩ পদের অনুকূলে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকার এবং ক্রমিক নং ৪ পদের অনুকূলে আবেদনকারীকে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, উত্তরা ব্যাংক লিঃ -এর যে কোন শাখা হতে মহাপরিচালক, বিকেএসপি-এর অনুকূলে দরখাস্তের সাথে জমা দিতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় আহ্বান করা হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সকল সনদের মূল কপি দেখাতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে মহিলা কোটা, উপজাতীয় কোটা, মুক্তিযোদ্ধাগণের সন্তানদের জন্য নির্ধারিত কোটা এবং এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সকল ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্র দরখাস্তের সাথে পেশ করতে হবে।
- আবেদন ফরম বিকেএসপির ওয়েব সাইট (www.bksp.gov.bd) এ পাওয়া যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি
ব্রিগেডিয়ার জেনারেল
মহাপরিচালক
বিকেএসপি।